জুন/ ২০২২ মাসে অনুষ্ঠি উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

সভার তারিখ	ঃ	২২/০৬/২০২২খ্রি.
সময়	ঃ	সকাল : ১০.৩০ ঘটিকা
স্থান	ঃ	সভাপতি মহোদয়ের কার্যালয়, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভায় উপস্থিত ও অনুপস্থি সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"

অদ্য ২২/০৬/২০২২খ্রি. রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকার সময় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব জাহিরুল ইসলাম মুরাদ মহোদয়ের সভাপতিত্বে উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য সূচি:-

১। শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন।

২। বঙ্গবন্ধু ও বঙ্গমাতা ফুটবল টুর্ণামেন্ট এর জেলা পর্যায়ে অংশগ্রহন সংক্রান্ত।

৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১নং আলোচনাঃ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে ধ্যন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন যে, আগামী ১৮অক্টোবর শেখ রাসেল দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ সরকার বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহন করেছে। এর মধ্যে শিশুদের মধ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা ,সাংস্কৃতিক অনুষ্ঠান, ফুটবল টুর্ণামেন্ট আয়োজন সহ নানা ধরনের অনুষ্ঠান। আগামী ১৮ অক্টোবর চূড়ান্ত অনুষ্ঠানের মাধ্যমে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হবে। কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, উক্ত দিবস উপলক্ষে বিগত ২৫/০৯/২০২২খ্রি. তারিখে অত্র উপজেলার প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিশুদের মধ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এবং বিভিন্ন গ্রুপে প্রথম স্থান অধিকারীগণের নামের তালিকা শিশু একাডেমিতে প্রেরণ করা হয়। এছাড়া ১ম,২য় ও ৩য় স্থান অধিকারীগণকে উপজেলা পর্যায়ে পুরস্কৃত করা হয়। উল্লেখিত কার্যক্রম সম্পাদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকলকে সভার পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

২য় আলোচনাঃ উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, আগামী ১৫/১০/২০২২খ্রি. জেলা পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অত্র উপজেলার কচুয়াবহর সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং বন্দরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় যথাক্রমে বঙ্গবন্ধু প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট এবং বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট এ জেলা পর্যায়ে অংশগ্রহন করবে। এ বিষয়ে সভাপতি মহোদয় কমিটির সদস্য সচিব ও উপজেলা শিক্ষা অফিসার'কে সংশ্লিষ্ট বিদ্যালয়ের শিশুরা যাতে নিরাপদে যাতায়াত করতে পাওে এবং খেলা সম্পন্ন হলে যাতে নিরাপদে পৌছাতে পারে এর জএবং বিজয় কামনা করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ শফিক উদ্দিন)
উপজেলা শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্বাক্ষরিত/-
(জাহিরুল ইসলাম মুরাদ)
ভাইস চেয়ার উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
ফেঞ্চুগঞ্জ, সিলেট।

২২/০৬/২০২২ খ্রি. তারিখে উপজেলা উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা স্থায়ী কমিটির উপস্থিতি

হাজিরা সীট

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	জনাব মোঃ জাহিরুল ইসলাম ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ	
০২	জনাব লেইচ চৌধুরী চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি,	
০৩	জনাব আহমদ জিলু, চেয়ারম্যান, ৪নং উত্তর কুশিয়ারা ইউপি	
০৪	জনাব এমরান উদ্দিন চেয়ারম্যান, ৫নং উত্তর ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৫	জনাব মোঃ শফিক উদ্দিন উপজেলা [illegible] কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ	